



‘১৮ অক্টোবর ২০২৩’ তারিখ শেখ রাসেল দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শামীম হোসেন
জেলাপ্রশাসক (ভাঃ), মেহেরপুর
তারিখ : ১৫ অক্টোবর ২০২৩
সময় : সকাল ১১:৩০ টা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মেহেরপুর
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে তিনি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মেহেরপুর বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর হতে প্রেরিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত কর্মসূচি সভায় পাঠ করে শোনান। অতঃপর তিনি উল্লেখ করেন যে, সরকার প্রতি বছর ১৮ অক্টোবর তারিখ-কে ‘শেখ রাসেল দিবস’ হিসেবে ‘ক’ শ্রেণীভুক্ত জাতীয় দিবস ঘোষণা করেছে। এ জেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় ও সফলভাবে আয়োজনের বিষয়ে সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করে স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে উপস্থিত সুধীবৃন্দের নিকট থেকে মতামত ও প্রস্তাব প্রদানের জন্য আহ্বান জানানো হয়। বিস্তারিত আলোচনান্তে শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। ১৮ অক্টোবর ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি:


সময়	কর্মসূচি	স্থান
সকাল ৯:০০ টা	বর্ণাঢ্য র্যালী	জেলা শিল্পকলা একাডেমি, মেহেরপুর হতে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ, মেহেরপুর
সকাল ৯:৩০ টা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান	জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ, মেহেরপুর
সকাল ১০:০০ টা	আলোচনা সভা ও পুরস্কার বিতরণী	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মেহেরপুর
রাত ৮:০০ টা	সাংস্কৃতিক অনুষ্ঠান	জেলা শিল্পকলা একাডেমি, মেহেরপুর

০৩. অন্যান্য সিদ্ধান্ত :

- (১) গৃহীত সকল কর্মসূচি বাস্তবায়ন ও সার্বিক সমন্বয়ে থাকবেন জেলা প্রশাসক, মেহেরপুর।
- (২) আইন-শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় পুলিশ ফোর্স নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, মেহেরপুরকে অনুরোধ করা হয়।
- (৩) শেখ রাসেল সংক্রান্ত ভিডিও ডকুমেন্টারি প্রচারের জন্য জেলা তথ্য অফিস, মেহেরপুরকে অনুরোধ করা হয়।
- (৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল দিবস ২০২৩ চলাকালীন একটি মেডিকেল টিম প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন, মেহেরপুরকে অনুরোধ করা হয়।

- (৫) সকল অনুষ্ঠান চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লি., মেহেরপুরকে অনুরোধ করা হয়।
- (৬) দিবসের বিভিন্ন কর্মসূচির সংবাদ জাতীয় দৈনিক পত্রিকাগুলোতে তুলে ধরার জন্য সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, মেহেরপুর এবং স্ব-স্ব পত্রিকার সাংবাদিকগণকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


17.10.2023
(মোঃ শামীম হোসেন)
জেলাপ্রশাসক (ভাঃ)
মেহেরপুর
ফোন নং-০২৪৭৭৭-৯২৩০১

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৬.২৩.০০৩.২৩.১৬০৪


তারিখ: ১৭ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ০৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। পুলিশ সুপার, মেহেরপুর।
- ০৬। সিভিল সার্জন, মেহেরপুর।
- ০৭। উপপরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/ অতিরিক্ত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মেহেরপুর।
- ২। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর।
- ৩। জনাব


(মোঃ আব্দুল কাদির মিয়া)
অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক)
মেহেরপুর।